দৈনিক সংবাদ

তারিখ 19 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 8

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

9

126

২৫জন শিক্ষকের বিবৃতি

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শঙ্কাহীন মননচর্চার পরিবেশ হারিয়ে যাচ্ছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৮ই জুন।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিনেটের ২৫ জন শিক্ষক-সদস্য বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে আগামী ৩০শে জুন অনুষ্ঠেয় উপাচার্য প্যানেল নির্বাচন সম্পর্কে এক বিবৃতি প্রদান করেছেন।

বিবৃতিতে বলা হয়, দীর্ঘদিন ধরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের

(শেষ পৃ: ৬ এর ক: দ্র:)

## ২৫জন শিক্ষকের বিবৃতি

(১ম পাতার পর)

বিরাজমান দু:সহ অবস্থা নিয়ে দেশবাসীর মনে নানা প্রশ্ন জেগেছে। গত কয়েক বছরের অনিয়ম ও বিশৃঙ্খলার ফলে দলীয় স্বার্থ, গোষ্ঠী স্বার্থ ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের স্বার্থের ওপরে স্থান করে নিয়েছে। ঐক্যের পরিবর্তে বিভেদ ও ভেদবুদ্ধি দ্বারাই পরিচালিত হচ্ছে যাবতীয় কর্মকাণ্ড। ফলে বিশ্ববিদ্যালয়ে আজ মুক্ত, শঙ্কাহীন ও বহুমুখীন মননচর্চার পরিবেশ ক্রমশ হারিয়ে যাচ্ছে। জ্ঞান অনুশীলন, সত্যানুসন্ধিৎসা ও সত্য মূল্যবোধের পরিবেশ ধূলোয় লুণ্ঠিত। এ ধরনের নিরাপত্তাহীন এক অস্বাভাবিক ও অরাজক পরিবেশে লেখাপড়া ও জ্ঞানচর্চার বিকাশ কোনভাবেই সম্ভব হচ্ছে না। এ পরিস্থিতিতে অনুষ্ঠেয় সিনেট অধিবেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেননা এর মাধ্যমেই বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক শাসন ব্যবস্থা, আইনের শাসন ও সন্ত্রাসমুক্ত পরিবেশ কাম্য কিনা তা নির্ধারিত হতে যাচ্ছে। বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের হৃতগৌরব পুনরুদ্ধারের জন্য উপ-উপাচার্য আলী ইমদাদ খানের নেতৃত্বে তিন সদস্যের এক প্যানেল গঠনের কথা উল্লেখ করা হয়।

বিবৃতিতে স্বাক্ষরদানকারীদের মধ্যে রয়েছেন ডঃ মইনুল ইসলাম, ডঃ অনুপম সেন, ডঃ ইরশাদ কামাল খান, ডঃ জহিরুল হক, ডঃ আমিনউদ্দিন মৃধা, জিয়া হায়দার, আব্দুল মান্নান, হামিদা বানু, হায়াত হোসেন, ফজলি হোসেন, ডঃ ফরিউল আলম, ডঃ আবু ইউসুফ, ডঃ আফতাব আহমদ, ডঃ আবদুল হাই চালী প্রমুখ।